

দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা: দুটি নাটক এবং দু'জন নাটককার

ড. শর্মিলা ঘোষ

১৯৪৭ সালের ১৫ আগস্ট দীর্ঘ প্রায় ২০০ বছরের প্রাচীনতার শেষে স্বাধীন

হল ভারতবর্ষ। কিন্তু খণ্ডিত, ছিম সে স্বাধীনতা—কারণ, ভারতবর্ষকে টুকরো করে তৈরি হল ভারত ও পাকিস্তান দুটি রাষ্ট্র। ব্রিটিশ গভর্নমেন্ট শুধুমাত্র দ্বিজাতিতদের ওপর ভিত্তি করে একটি দেশকে দুটি ভাগে ভাগ করে দিল। গণভোট করে জনগণের কাছে জানতে চাওয়া হয়নি তারা কী চায়। অথচ ধর্মের ভিত্তিতে ভাগ হয়ে গেল দেশ।

দেশভাগের এই বীজ অবশ্য পৌঁতা হয়েছিল অনেক আগেই, ১৯০৫-এর বঙ্গভঙ্গের প্রস্তাবের সময়ে। অখণ্ড বাংলাকে ভাগ করে দেবার যত্ন শুরু হয়েছিল তখন থেকেই। বিশিষ্ট গবেষক^১ জানাচ্ছেন তারও আগে ১৮৭৪ সালে হয়েছিল এক নিঃশব্দ বঙ্গভঙ্গ। বেঙ্গল প্রেসিডেন্সি থেকে যখন পৃথক করা হয়েছিল কাছাড়, সিলেট এবং গোয়ালপাড়াকে।

১৯৪৬ সালে ব্রিটিশ পার্লামেন্টে লেবার পার্টি ঘোষণা করে ভারতের স্বাধীনতার কথা। তখন থেকেই বোৰা গিয়েছিল যে ইংরেজরা এবার ভারত ছাড়ছে। ১৯৪৭ সালের ২০ ফেব্রুয়ারি তারিখে তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ক্লিমেন্ট এটলি ভারতীয় জাতীয় কংগ্রেসের কাছে একটি চিঠি দেন। এই চিঠিতে ভারতের স্বাধীনতার পাশাপাশি দেশভাগকে সরাসরি যুক্ত করার প্রস্তাব দেওয়া হয়। প্রাথমিক টালবাহানার পর কংগ্রেস ওয়ার্কিং কমিটি ৬ মার্চের সভায় ওই দেশভাগের প্রস্তাব নীতিগতভাবে মেনে নেয়।^২ ১৮ জুলাই ১৯৪৭ ব্রিটিশ পার্লামেন্টে পাশ হয়ে গেল স্বাধীনতার বিল। এক মাসেরও কম সময়ের মধ্যে এল বহু প্রতিক্ষীত স্বাধীনতা আর স্বাধীনতার সঙ্গে সঙ্গেই নিশ্চিত হল দেশভাগ। বস্তুত যা কার্যকরী হল স্বাধীনতার আগেই। সমগ্র ভারতবর্ষ ও ভারতবাসীর কাছে এ এক চরম দুর্ভাগ্যের ইতিহাস।

দেশভাগের ফলে এক বিপুল মানবিক ক্ষতির ইতিহাস রচিত হয়। বহু মানুষের মৃত্যু হয়, অগণিত নারী ধর্ষণের শিকার হন, আর তারই সঙ্গে দুই দেশের বহু মানুষ ঘরছাড়া হন। সরকারি হিসেব অনুযায়ী মারা গিয়েছিল দশ লক্ষেরও বেশি মানুষ। পঁচাত্তর হাজার নারী ধর্ষিতা হয়েছেন আর দুই দেশের প্রায় এক কোটি দশ লক্ষ করে লোক হয়েছেন দেশছাড়া।^৩ ঘরছাড়া, দেশছাড়া এই মানুষগুলো পরিচিত হয়েছিলেন ‘উদ্বাস্তু’ নামে। অবণনীয় এক কষ্টের সম্মুখীন হয়েছিলেন তাঁরা।

স্বাধীনতা পরবর্তী সময়সীমায় দেশভাগের অনিবার্যতায় এসেছিল উদ্বাস্তু সমস্যা। বাংলা সাহিত্য-সংস্কৃতি-সমাজে এর প্রভাব ছিল অপরিসীম। দেশভাগের অভিশাপ আজন্ম পরিচিত জন্মভূমি থেকে পৃথক করেছিল মানুষকে। সীমাইন এক ত্রাস এবং আজন্ম পরিচিত জন্মভূমি থেকে পৃথক করেছিল মানুষকে। সীমান্ত পেরিয়েছিলেন এই মানুষের দল। আমরা ক্ষোভ ও বেদনা বুকে বহন করে সীমান্ত পেরিয়েছিলেন এই মানুষের দল।

দেশভাগের কথকতা
খণ্ড দেশ ভগ্ন মন
রাত্রিষ্ঠরণ

সম্পাদনা
নিরূপম আচার্য



Deshbhager Kathakata : Khanda desh bhagna mon rakto kharan
Edited by Nirupam Acharya
দেশভাগের কথকতা : খণ্ড ভগ্ন মন রক্তকরণ
সম্পাদনা : নিরূপম আচার্য

First edition : 25th December, 2020
প্রথম প্রকাশ : ২৫ দিন, ২০২০

Copyright : Nirupam Acharyya
গ্রন্থ স্বত্ত্ব : নিরূপম আচার্য

Price : Rs. 500.00

মূল্য : ৫০০ টাকা

প্রচন্দ ও বর্ণস্থাপন : সত্যযুগ

যোগাযোগ : ৯৮৩০৩২৯৫৫৮

ই-মেইল: bhashasamsad@gmail.com

প্রকাশক এবং স্বত্ত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশেরই কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লজিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকাশক : বিত্তন্ত ঘোষাল, ভাষা সংসদ, ৩, শঙ্গু চ্যাটার্জী স্ট্রিট। কলকাতা-৭০০০০৭

ISBN : 978-81-947768-5-7

মুদ্রক : সত্যযুগ এম্প্লাইজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড
১৩ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭২

দেশভাগ পরবর্তী ত্রিপুরার উদ্বাস্তু জনজীবনের আর্থসামাজিক
সংকট : ভীমদেব ভট্টাচার্যের 'বীশের দুকে ফুল'
মুনমুন মণ্ডল

২৪১

সুনীল গঙ্গোপাধ্যায়ের কবিতায় দেশভাগ
প্রদীপকুমার পাত্র

২৪২

দেশভাগ ও অস্তিত্বের সংকট : নির্বাচিত বালো ছেটিগাঁ
(ভারত, পাকিস্তান ও বাংলাদেশ)
অপণ রায়চৌধুরী

২৪৩

দেশভাগ ও হিন্দু মুসলমান সম্পর্ক
ইন্দ্রাঙ্কী দাস

২৪৪

বিজন ভট্টাচার্যের গোত্রান্তর : প্রসঙ্গ দেশভাগ
বোধিসত্ত্ব ভট্টাচার্য

২৪৫

ক্ষমতা হস্তান্তরের প্রেক্ষাপটে দ্বিখণ্ডিত ভারতবর্ষ : দিশেহারা
বাস্তুচ্যুত জনজীবন, উদ্বাস্তু সমস্যা ও পুনর্বাসন
বিপুলকুমার ঘোষ

২৪৬

✓ দেশভাগ ও উদ্বাস্তু সমস্যা: দুটি নাটক এবং দুজন নাটককার
ড. শর্মিলা ঘোষ

৩০৫

বাংলাদেশে দেশভাগ চর্চা
পূর্ণেন্দু শেখের রায়

৩১২

শঙ্খ ঘোষের 'সুপুরিবনের সারি' : দেশভাগ ও কিশোর মন
সুশাস্ত্র সাঁতরা

৩২৩

দাঙ্গার বিভিষিকা : প্রসঙ্গ দেশভাগ, মানিক বন্দোপাধ্যায়ের
উপন্যাস 'স্বাধীনতার স্বাদ'
রানু কর্মকার

৩৩১

দেশভাগ ও জওহরলাল নেহরু
ড. তাপস মণ্ডল

৩৪০

উদ্বাস্তু সমস্যা ও জীবন সংকটের প্রতিফলন :
সলিল সেনের 'নতুন ইন্দী'
জয়ন্ত ঘোষ

৩৪৮